




নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২

বনপাড়া, নাটোর।

শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ



সতর্কীকরণ বিজ্ঞপ্তি

জননিরাপত্তার স্বার্থে সম্মানিত গ্রাহক সদস্যগণের করণীয় :

- (ক) বৈদ্যুতিক ছেঁড়া তার স্পর্শ করবেন না, ছেঁড়া তার হতে নিজে নিরাপদ থাকুন অন্যকে নিরাপদে রাখুন। বৈদ্যুতিক তার ছিঁড়ে গেলে ও বৈদ্যুতিক সরঞ্জামে আগুন লাগলে জরুরী ভিত্তিতে বিদ্যুৎ অফিসকে অবহিত করতে হবে।
- (খ) পার্শ্ব সংযোগের মাধ্যমে বিদ্যুৎ ব্যবহার বে-আইনি এবং খুবই ঝুঁকিপূর্ণ। পার্শ্ব সংযোগের তার ছিঁড়ে গিয়ে/লিক হয়ে তাৎক্ষণিক বৈদ্যুতিক দুর্ঘটনা ঘটতে পারে। পার্শ্ব সংযোগ প্রদান পরিহার করুন। বৈধভাবে বিদ্যুৎ সংযোগ গ্রহণের জন্য অফিসে যোগাযোগ করুন।
- (গ) হুকিং/অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহারের কারণে আর্থিক জরিমানা/ফৌজদারী মামলা হতে পারে। অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার করলে বৈদ্যুতিক দুর্ঘটনা ঘটতে পারে। অবৈধ বিদ্যুৎ ব্যবহার পরিহার করুন।
- (ঘ) গাছ কেটে বৈদ্যুতিক তারে ফেললে জীবনহানি ঘটতে পারে/বৈদ্যুতিক সরঞ্জাম নষ্ট হতে পারে। বিদ্যুৎ অফিস কর্তৃক বিদ্যমান লাইনের উভয় পার্শ্বে ১০ ফুট করে গাছপালা ছেঁটে দেওয়া হয়। নিরাপত্তার স্বার্থে গাছপালা কর্তনে অফিসকে সহযোগিতা করুন এবং বৈদ্যুতিক লাইনের নীচে ঝুঁকিপূর্ণ গাছপালা/ লতা জাতীয় উদ্ভিদ রোপন পরিহার করুন।
- (ঙ) সার্ভিস ড্রপ তার/বৈদ্যুতিক তারে কাপড় চোপড় শুকানো পরিহার করুন। বৈদ্যুতিক লাইনের নীচে টানা তার / খুঁটির সাথে গবাদি পশু বাঁধবেন না।
- (চ) বৈদ্যুতিক লাইনের খুঁটিতে ডিসের তার টানা এবং লাইনের কাছাকাছি ডিস এন্টেনা স্থাপন পরিহার করুন।
- (ছ) গৃহস্থালী ওয়্যারিং এর জন্য ভাল মানের ও সঠিক রেটিং এর তার/সার্কিট ব্রেকার/ফিউজ ব্যবহার করুন। যন্ত্রপাতি ও জীবনের নিরাপত্তার জন্য অবশ্যই সঠিক মানের গ্রাউন্ডিং ব্যবহার নিশ্চিত করুন।

নিরাপদ বিদ্যুৎ ব্যবহার আপনার জীবনে কল্যাণ বয়ে আনুক।

পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমে সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করা যাচ্ছে।

জেনারেল ম্যানেজার

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২